

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৭০

া আরবি মূল আয়াত:

অতঃপর যাদুকরেরা সিজদায় লুটিয়ে পড়ল। তারা বলল, 'আমরা হারান ও মূসার রবের প্রতি ঈমান আনলাম'। — আল-বায়ান

(মূসার স্পষ্ট নিদর্শন যখন দেখল) তখন যাদুকরেরা (আল্লাহর প্রতি) সাজদায় লুটিয়ে পড়ল। তারা বলল, 'আমরা হারান ও মুসার প্রতিপালকের উপর ঈমান আনলাম।' — তাইসিরুল

অতঃপর যাদুকরেরা সাজদাহবনত হল ও বললঃ আমরা হারূণ ও মূসার রবের প্রতি ঈমান আনলাম। — মুজিবুর রহমান

So the magicians fell down in prostration. They said, "We have believed in the Lord of Aaron and Moses." — Sahih International

- ৭০. অতঃপর জাদুকরেরা সিজদাবনত হল(১), তারা বলল, আমরা হারান ও মূসার রব-এর প্রতি ঈমান আনলাম।
 - (১) অর্থাৎ মূসা আলাইহিস সালাম-এর লাঠি যখন অজগর হয়ে তাদের কাল্পনিক সাপগুলোকে গ্রাস করে ফেলল, তখন জাদুবিদ্যা বিশেষজ্ঞ জাদুকরদের বুঝতে বাকী রইল না যে, এ কাজ জাদুর জোরে হতে পারে না; বরং নিঃসন্দেহে এটা মু'জিযা, যা একান্ডভাবে আল্লাহর কুদরতে প্রকাশ পায়। তাই তারা হঠাৎ স্বতস্ফূর্তভাবে সিজদাবনত হয়, যেন কেউ তাদেরকে উঠিয়ে নিয়ে ফেলে দিয়েছে। এ অবস্থায়ই তারা ঘোষণা করলঃ আমরা মূসা ও হারূনের পালনকর্তার প্রতি ঈমান আনলাম। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৭০) অতঃপর জাদুকররা সিজদায় পড়ল ও বলল, 'আমরা হারান ও মূসার প্রতিপালকের প্রতি বিশ্বাস স্থাপন করলাম।'

তাফসীরে আহসানূল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2418

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন